



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ ০৬ /বরি-২২৩

তারিখ: ১৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৬ জানুয়ারী ২০২১ খ্রি.

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরিশাল জেলার হিজলা উপজেলাধীন আলীগঞ্জ ইসলামিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি পদত্যাগ করায় অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কাগজপত্রসহ পুনরায় সভাপতি মনোনয়নের জন্য আবেদন করেছেন। আবেদনকৃত কাগজপত্র যাচাই করে দেখা যায় বিগত গভার্ণিং বডি বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া হয়েছে ০৬.০২.২০১৯ খ্রি. তারিখে। উক্ত কমিটিতে উপজেলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশালকে সভাপতি হিসাবে মনোনয়ন দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশাল পদত্যাগ করায় জনাব পংকজ নাথ, পিতা-স্বর্গীয় হরি নারায়ন নাথকে সভাপতি হিসাবে মনোনয়ন নেয়া হয়। জনাব পংকজ নাথ পদত্যাগ করায় পুনরায় উপজেলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশালকে সভাপতি হিসাবে মনোনয়নের জন্য প্রস্তাব করা হয়। ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব রুহুল আমিনকে কোথাও প্রভাষক এবং কোথাও সহকারী অধ্যাপক দেখানো হয়েছে।

বর্ণিত অবস্থায় একবার পদত্যাগ করার পর কেন একই পদের ব্যক্তিকে একই কমিটিতে পুনরায় সভাপতি মনোনয়ন প্রস্তাব করা হয়েছে এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব রুহুল আমিনের প্রকৃত পদবীর সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৬.০২.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),
আলীগঞ্জ ইসলামিয়া আলিম মাদ্রাসা
পো: হিজলা, উপজেলা: হিজলা, বরিশাল।

নং-বামাশিবো/প্রশা/ ০৬ /বরি-২২৩

তারিখ: ১৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৬ জানুয়ারী ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরিশাল;
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
৩. উপজেলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশাল;
৪. উপজেলা শিক্ষা অফিসার, হিজলা, বরিশাল;
৫. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


২৬.০২.২০২১

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd